

# সংবাদ

তারিখঃ ২২/০৮/২০২১ (পঃ ০৫)

## বোরোর ভালো ফলনে খুশি কৃষক লকডাউনে শ্রমিক সংকটের আশঙ্কা

জেলা বার্তা পরিবেশক, নওগাঁ

উদ্ধৃত ধান উৎপাদনের জেলা নওগাঁয় চলতি ইরি-বোরো মৌসুমের ধান কাটা শুরু করেছেন কৃষকরা। ভাল ফলন পাওয়ায় অনেকটাই খুশি জেলার কৃষকরা। কৃষি বিভাগের তথ্যমত্ত্বেও এ বছর জেলায় বোরো ধানের বাস্পার ফলন হয়েছে। তবে লকডাউনের কারণে শ্রমিক সংকটের আশঙ্কায় বরেনে জেলার কৃষকরা। কৃষি সম্প্রসারণ অধিকরণের নওগাঁর উপ-পরিচালক কৃষিবিদ মো. শামসুল ওয়াবুদ্দিন জানিয়েছেন, বর্তমানে জেলার আত্মাই, রানীনগর উপজেলায় এবং সদর উপজেলার দক্ষিণে বিলাখলে ধান কাটা শুরু হয়েছে। এসব এলাকার কাটা ধানের হিসেবে প্রতি হেক্টের চালের আকারে ৪ দশমিক ২০ মেট্রিক টন ফলনের প্রত্যাশা করছে কৃষি বিভাগ। আর আগামী ১০ দিনের মধ্যে জেলায় পুরোদমে ধান কাটা শুরু হবে বলে জানিয়েছে কৃষি বিভাগ।

কৃষি বিভাগের সূত্র অনুযায়ী এ বছর জেলায় মোট ১ লাখ ৮৭ হাজার ৭শ' ৬০ হেক্টের জমিতে বোরো ধানের উৎপাদন হয়েছে। এরমধ্যে সদর উপজেলায় ১৭ হাজার ৯শ' ৯০ হেক্টের, রানীনগরে ১৮ হাজার ৮শ' হেক্টের, আত্মাইয়ে ১৮ হাজার ৪শ' হেক্টের, বদলগাছিতে ১১ হাজার ৭শ' ৫০ হেক্টের, মহাদেবপুরে ২৮ হাজার ৩শ' ৭০ হেক্টের, পাত্তীতলায় ১৯ হাজার ৬শ' ৫০ মেট্রিক টন, ধামইরহাটে ১৮ হাজার ৬শ' ৫ হেক্টের, সাপাহারে ৫ হাজার ২শ' ৩০ হেক্টের, পোরশায় ৮ হাজার ৫০ হেক্টের, মান্দায় ১৯ হাজার ৯শ' ৩০ হেক্টের এবং নিয়ামতপুর উপজেলায় ২০ হাজার ৯শ' ৮৫ হেক্টের। জেলায় চলতি বছর উন্নত ফলনশীল জাতের মধ্যে উল্লেখযোগ্য হিসেবে জিরাশাইল, ত্রিধান-২৮, ত্রিধান-২৯, ত্রিধান-৮১, ত্রিধান-৫৮, কাটারীভোগসহ প্রায় ২৬ জাতের ধান চাষ করেছেন। অপরদিকে হাইক্রিড জাতের মধ্যে তেজ, এস এল-৮ এইচ, হিরো-২, হিরো-৬ ও বালকসহ প্রায় ২৮ জাতের ধান চাষ করেছেন।

কৃষি বিভাগের তথ্য মতে হেক্টের প্রতি ৪ দশমিক ২০ মেট্রিক টন হিসেবে এ বছর জেলায় মোট ৭ লাখ ৮৮ হাজার ৫শ' ৯২ মেট্রিক টন চাল উৎপাদিত হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। বেশকিছু কৃষকের সঙ্গে কথা বলে জানা গেছে, এবার বোরো ধানের তারা ভাল ফলন বেশি পাচ্ছেন। এই মৌসুমে ধানে পোকা ও রোগের আক্রমণ কম হওয়ায় তেমন কীটনাশক ব্যবহার করতে হয়নি তাদের। এছাড়াও আবহাওয়া ধানের অনুকূলে থাকায় বাস্পার ফলন হয়েছে।